# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব এন. এম. আবদুল্লাহ-আল-মামুন<br>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার তারিখ | : ১৪.০৮.২০২৫ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১০:০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা শুরু করেন। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ প্রশাসকগনকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, (০১) ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও রাজস্ব অর্থের মাধ্যমে গৃহীত ৪৪টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।<br><br>০২) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, গফরগাঁও উপজেলায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বিভিন্ন রাস্তা নির্মানের জন্য প্রাপ্ত আবেদনগুলো যাচাই-বাছাইসহ অগ্রাধিকারভিত্তিক তালিকা তৈরির কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন। আবেদনগুলো যাচাই-বাছাইক্রমে অগ্রাধিকারভিত্তিক তালিকা তৈরির কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>০৩) উপজেলা প্রকৌশলী সভায় জানান. ০৪ নং সালটিয়া ইউনিয়নে কাচারী রোড (পৌরসভা শেষ মোড়) হারুন-অর-রশিদের বাড়ী হতে ফজলুর রহমান সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ এর পরিবর্তে ০৪ নং সালটিয়া ইউনিয়ন ০৪ নং ওয়ার্ডের গফরগাঁও রসুলপুর পাকা রাস্তা হতে জামুজয় নদের জমির সরকারের বাড়ীর মসজিদ পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ করা প্রয়োজন বিধায় উক্ত প্রকল্প অনুমোদন করা যেতে পারে।<br><br>০৪) উপজেলা প্রকৌশলী সভায় জানান. উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বাসাটির চুনকাম ও বাসার বিভিন্ন অংশে মেরামত করা প্রয়োজন বিধায় বাসাটির চুনকাম বাবদ =২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা এবং মেরামত বাবদ ==২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা ব্যয় হতে পারে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক চুনকাম ও বিভিন্ন অংশের মেরামতের ব্যয় নির্বাহ করার প্রস্তাব করেন। | ০১) এডিপি ও রাজস্ব অর্থের মাধ্যমে সম্পন্নকৃত ৪৪টি প্রকল্পের কাজের মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) ২০২৫-২০২৬ অর্থ বছরে নির্মানের জন্য প্রাপ্ত আবেদনগুলো দ্রুত যাচাই-বাছাইক্রমে অগ্রাধিকার ভিত্তিক তালিকা তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩) উপজেল প্রকৌশলী কর্তৃক ০৪ নং সালটিয়া ইউনিয়ন ০৪ নং ওয়ার্ডের গফরগাঁও রসুলপুর পাকা রাস্তা হতে জামুজয় নদের জমির সরকারের বাড়ীর মসজিদ পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ করার প্রস্তাব অনুমোদিত হয়,<br>০৪) পরিষদ চেয়ারম্যান এর বাসাটির চুনকাম ও বাসার বিভিন্ন অংশে মেরামতের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালের সামনের রাস্তা সংস্কার করা প্রয়োজন। ঈদের পর রোগি বৃদ্ধি পেয়েছে। বর্তমানে ডেঙ্গু ও কোভিড রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কোভিড রোগীদের সেবাদানের জন্য কোভিড ডেডিকেটেড ওয়ার্ড চালু করা হয়েছে। কোভিড পরীক্ষার জন্য কিট সরবরাহের চাহিদা দেওয়া হয়েছে। ডেঙ্গু রোগীর সকল পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা রয়েছে। ঈদ পরবর্তী বর্হিবিভাগে ও আন্তবিভাগে রোগীর সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে। বর্হিবিভাগে চুরির কয়েকটি অনাকাঙ্খিত ঘটনা ঘটেছে। সার্বিক আইন-শৃংখলা ও নিরাপত্তা জোরদার করার জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আউটডোর সেবা, ইমার্জেন্সী কার্যক্রম চলমান রয়েছে এবং ইনডোরে রোগী ভর্তি এবং ছাড়পত্র ইস্যু সেবা নিয়মিত হচ্ছে। গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষা, আল্টাসনোগ্রাম, এক্সরে, ইসিজি সেবা প্রদান করা হচ্ছে। কমিউনিটি ক্লিনিক থেকে প্রসবপূর্ব, প্রসবোত্তর এবং পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হচ্ছে। গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের রোগীদের সার্বিক সেবা দানের জন্য আমরা সর্বদা অঙ্গীকারবদ্ধ। এছাড়াও অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

চলমান পাতা-০২

CamScanner

